



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
website: www.bb.org.bd

মনিটারিং পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি সার্কুলার নং-০১

তারিখঃ ০৪ মার্চ ২০২৫
১৯ ফাল্গুন ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানি

নগদ জমা হার (CRR) পরিবর্তন প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

বিগত ০৯ এপ্রিল ২০২০ তারিখের এমপিডি সার্কুলার নং-০১ অনুসারে বর্তমানে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক (ইসলামি শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসহ)-কে তাদের মোট তলবি ও মেয়াদি দায় এর নূন্যতম ৪.০ (চার দশমিক শূণ্য) শতাংশ দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে এবং নূন্যতম ৩.৫ (তিন দশমিক পাঁচ) শতাংশ দৈনিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে নগদে জমা রাখতে হয়।

০২। এক্ষণে, মুদ্রানীতি কাঠামোয় অধিকতর উৎকৃষ্টতা আনয়ন এবং তারল্য ব্যবস্থাপনা আরো সুসংহত করার লক্ষ্যে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আগামী ০৫ মার্চ ২০২৫ তারিখ হতে উল্লিখিত নগদ জমা সংরক্ষণের হার দৈনিক ভিত্তিতে নূন্যতম ৩.০ (তিন দশমিক শূণ্য) শতাংশ হবে এবং দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে তা ৪.০ (চার দশমিক শূণ্য) শতাংশে অপরিবর্তিত থাকবে।

০৩। বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের অর্ডার নং ১২৭) এর ৩৬(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো। এ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মার্চ ০৫, ২০২৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এমপিডি-১১৬/২০২৫-৩০২ সকলের অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাহমুদ সালাহুউদ্দিন নাসের)
পরিচালক (এমপিডি)
ফোনঃ ৯৫৩০০৫৯



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
website: www.bb.org.bd

মনিটারিং পলিসি ডিপার্টমেন্ট

এমপিডি-১১৬/২০২৫-৩০২

তারিখঃ ০৪ মার্চ ২০২৫
১৯ ফাল্গুন ১৪৩১

প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের আদেশ নং ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক (ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসহ) কর্তৃক তাহাদের মোট তলবি ও মেয়াদি দায় এর যে পরিমাণ বাংলাদেশ ব্যাংকে নগদে জমা রাখিবার বিধান রহিয়াছে তাহা উক্ত আদেশে প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যমান দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৩.৫ (তিন দশমিক পাঁচ) শতাংশ হইতে হ্রাস করিয়া দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৩.০ (তিন দশমিক শূন্য) শতাংশে নির্ধারণ করা হইল। এখানে উল্লেখ থাকিল যে, বিদ্যমান দ্বি-সাপ্তাহিক গড় ভিত্তিতে নগদে জমার সংরক্ষণের হার ন্যূনতম ৪.০ (চার দশমিক শূন্য) শতাংশে অপরিবর্তিত থাকিবে।

০২। এই আদেশ আগামী মার্চ ০৫, ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে।

(ড. মোঃ হাবিবুর রহমান)
ডেপুটি গভর্নর